আলমডাঙ্গায় পালাগানের আসরে চলছে রমরমিয়ে মাদক ব্যবসা

চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় গ্রামে গ্রামে কালু গাজীর পালাগানের অনুষ্ঠানে রমরমিয়ে চলছে মাদক ব্যবসা।

আলমডাঙ্গা উপজেলার বিভিন্ন গ্রামে বাংলার ঐতিহ্যবাহী ‘গাজীর মান্নত গানের’ অনুষ্ঠানে একদল অসাধু মাদক ব্যবসায়ী মাদক বিক্রির সুযোগ নিচ্ছে বলে অভিযোগ উঠেছে।

আলমডাঙ্গা ও আশপাশের এলাকায় কালু গাজীর মান্নত গানের প্রতি মানুষের গভীর বিশ্বাস রয়েছে। দুরারোগ্য ব্যাধি, মামলা-মোকদ্দমা বা বিপদাপদ থেকে মুক্তির আশায় অনেকে মান্নত করে থাকেন। মান্নত পূর্ণ হলে গাজীর পালাগানের আসর বসিয়ে খাসি জবাই করে রান্না করে অতিথিদের আপ্যায়ন করেন।

এই আসরকে কেন্দ্র করে একদল মাদক ব্যবসায়ী গোপনে মাদক বিক্রি করছে। প্রশাসনের নজর এড়িয়ে দীর্ঘদিন ধরে এসব ব্যবসা চলছে বলে জানা গেছে। গতকাল বেলগাছি বাগানপাড়ায় সরেজমিনে দেখা গেছে মাদকসেবী ও বিক্রেতাদের আড্ডা। উঠতি বয়সী তরুণরা ক্রমেই মাদকের কবলে পড়ছে।

স্থানীয়রা জানান, গাজীর গানে ভিড়ের সুযোগ নিয়ে মাদকচক্র সক্রিয় হয়ে উঠেছে। অন্ধকার ও জনসমাগমের সুযোগ কাজে লাগিয়ে মাদক বিক্রি চলছে। এলাকাবাসী মাদকবিরোধী অভিযান জোরদার ও প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেছেন।